**"পরিসংখ্যান ব্যবস্থার উন্নয়ন**
**স্মার্ট বাংলাদেশ গঠন"**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রশাসন-২ অধিশাখা
www.sid.gov.bd

বিষয়: ১৬ ডিসেম্বর ২০২৩ তারিখ "মহান বিজয় দিবস" উদযাপনের লক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-এর সংশ্লিষ্ট কর্মকর্তাগণের অংশগ্রহণে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. শাহনাজ আরেফিন, *এনডিসি*
সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তারিখ ও সময় : ০৪ ডিসেম্বর ২০২৩ বেলা ১১.০০ মিনিট
স্থান : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ (ব্লক-এ)।

সভার শুরুতে সভাপতি "মহান বিজয় দিবস ২০২৩" উদযাপনের লক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-এর উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শহীদ সদস্য এবং মহান মুক্তিযুদ্ধে বীরত্বপূর্ণ অবদানের জন্য বীর মুক্তিযোদ্ধাদের গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন। তিনি ১৬ ডিসেম্বর ২০২৩ 'মহান বিজয় দিবস' যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে এ বিভাগের উপসচিব, প্রশাসন-২ কে সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

২। জনাব মোঃ ফরিদ হোসেন, উপসচিব, প্রশাসন-২ সভায় উল্লেখ করেন যে, 'মহান বিজয় দিবস ২০২৩' উদ্‌যাপন উপলক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক যৌথভাবে যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে খসড়া কর্মসূচি প্রণয়নের জন্য আজকের প্রস্তুতিমূলক সভা আহ্বান করা হয়েছে। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | **আলোচ্য বিষয়** | **আলোচনা** | **সিদ্ধান্ত** | **বাস্তবায়নে** |
|---|---|---|---|---|
| ১. | সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০১-০৮-২০২৩ তারিখের আন্ত:মন্ত্রণালয়ের সভার কার্যবিবরণীর ক্রমিক নং (৩) অনুসরণপূর্বক সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলনের বিষয়ে সভায় আলোচনা হয়। | ১৬ ডিসেম্বর ২০২৩ মহান বিজয় দিবসে পরিসংখ্যান ভবনে "দ্য ফ্লাগ রুলস" ১৯৭২ অনুসরণপূর্বক সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন ও সূর্যাস্তের সময় অবনমন করতে হবে। পতাকা উত্তোলন ও অবনমনের ক্ষেত্রে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর একজন নির্ভরযোগ্য কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা যায় মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| ২. | জাতীয় অনুষ্ঠানে কর্মকর্তাদের অংশগ্রহণ | ১৬ ডিসেম্বর ২০২৩ মহান বিজয় দিবস উদযাপনের লক্ষ্যে আয়োজিতব্য জাতীয় অনুষ্ঠানে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর যেসকল কর্মকর্তা আমন্ত্রণপত্র পাবেন, তারা উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন মর্মে সভায় আলোচনা হয়। | জাতীয় অনুষ্ঠানে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর যেসকল কর্মকর্তা আমন্ত্রণপত্র পাবেন, তারা উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠার পর

| ক্রম. | **আলোচ্য বিষয়** | **আলোচনা** | **সিদ্ধান্ত** | **বাস্তবায়নে** |
|---|---|---|---|---|
| ৩. | মাঠপর্যায়ে অবস্থিত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অফিসসমূহে মহান বিজয় দিবস পালন | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মাঠপর্যায়ে অবস্থিত বিবিএস-এর অফিসসমূহ বিভাগীয়, জেলা ও উপজেলা প্রশাসনের গৃহীত কর্মসূচির সঙ্গে সমন্বয় করে মহান বিজয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপন বিষয়ে আলোচনা হয়। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এ বিষয়ে বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তাবৃন্দকে পত্রের মাধ্যমে অবহিত করার বিষয়ে সভায় আলোচনা হয়। | মাঠপর্যায়ে অবস্থিত বিবিএস-এর অফিসসমূহ বিভাগীয়, জেলা ও উপজেলা প্রশাসনের গৃহীত কর্মসূচির সঙ্গে সমন্বয় করে মহান বিজয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপন করবে। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এ বিষয়ে বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তাবৃন্দকে পত্রের মাধ্যমে অবহিত করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| ৪. | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্মকর্তাগণের সমন্বয়ে যৌথ কমিটি গঠন | ১৬ ডিসেম্বর ২০২৩ মহান বিজয় দিবস উদযাপনের লক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ হতে ৩ জন কর্মকর্তা এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) হতে ৪ জন কর্মকর্তা নিয়ে মোট ৭ (সাত) সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করার বিষয়ে সভায় আলোচনা হয়। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ হতে ৩ জন কর্মকর্তা এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) হতে ৪ জন কর্মকর্তা নিয়ে মোট ৭ (সাত) সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা যায় (খসড়া কমিটি **পরিশিষ্ট-ক** সংযুক্ত)। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| ৫. | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক একটি উপকমিটি গঠন | ১৬ ডিসেম্বর ২০২৩ মহান বিজয় দিবস উদযাপনের নিমিত্ত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক একটি উপকমিটি গঠন করবে মর্মে সভায় আলোচনা করা হয়। | ১৬ ডিসেম্বর ২০২৩ মহান বিজয় দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের নিমিত্ত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) তাদের কর্মকর্তাদের নিয়ে একটি 'উপকমিটি' গঠন করে এ বিভাগকে অবহিত করবে। | মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| ৬. | পরিসংখ্যান ভবনে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ | পরিসংখ্যান ভবনে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে সকাল ৮.৩০ ঘটিকায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক যৌথভাবে পুষ্পস্তবক অর্পণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | পরিসংখ্যান ভবনে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে সকাল ৮.৩০ ঘটিকায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক যৌথভাবে পুষ্পস্তবক অর্পণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠার পর

| ক্রম. | আলোচ্য বিষয় | | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৭. | আলোচনা সভা ও দোয়া মাহফিল এবং ভিডিও তথ্যচিত্র প্রদর্শন | ১৬ ডিসেম্বর ২০২৩ মহান বিজয় দিবসে সকালে পুষ্পস্তবকের পর পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে বিবিএস এর অডিটরিয়ামে একটি আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে। আলোচনা সভায় মহান বিজয় দিবস উদযাপন সংশ্লিষ্ট ভিডিও তথ্যচিত্র প্রদর্শনের বিষয়ে সভায় আলোচনা হয়। | পরিসংখ্যান ভবনের নিচতলায় স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে সকাল ৮.৩০ মিনিটে পুষ্পস্তবক অর্পণের পর বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অডিটরিয়ামে একটি আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে ভিডিও তথ্যচিত্র প্রদর্শনার্থে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অথবা জাতীয়ভাবে প্রদর্শিত ভিডিও তথ্যচিত্র সংগ্রহ করে প্রদর্শন করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় (**খসড়া অনুষ্ঠানসূচি পরিশিষ্ট-খ**)। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর আইসিটি শাখা |
| ৮. | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর লাইব্রেরি ও মিউজিয়াম খোলা রাখা সংক্রান্ত | ১৬ ডিসেম্বর ২০২৩ মহান বিজয় দিবসে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর লাইব্রেরি ও মিউজিয়াম সকাল ৯.০০টা হতে বিকাল ৪.০০টা পর্যন্ত খোলা রাখার ব্যবস্থা গ্রহণ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর লাইব্রেরীয়ানসহ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে উপস্থিত থাকার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১৬ ডিসেম্বর ২০২৩ মহান বিজয় দিবসে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর লাইব্রেরি ও মিউজিয়াম সকাল ৯.০০টা হতে বিকাল ৪.০০টা পর্যন্ত খোলা রাখার ব্যবস্থা গ্রহণ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর লাইব্রেরীয়ানসহ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে উপস্থিত থাকতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| ৯. | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী-কে অবহিতকরণ | ১৬ ডিসেম্বর ২০২৩ মহান বিজয় পালন উপলক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়কে অবহিত করে পত্র প্রেরণ এবং পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী-কে পত্রের মাধ্যমে অবহিত করার বিষয়ে সভায় আলোচনা হয়। | ১৬ ডিসেম্বর ২০২৩ মহান বিজয় পালন উপলক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়কে অবহিত করে পত্র প্রেরণ এবং পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী-কে পত্রের মাধ্যমে অবহিত করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| ১০. | বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদান | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-তে কর্মরত মুক্তিযোদ্ধা কেউ থাকলে তাঁকে সংবর্ধনা প্রদানের বিষয়ে উদ্যোগ গ্রহণের জন্য সভায় আলোচনা করা হয়। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-তে কর্মরত মুক্তিযোদ্ধা কেউ থাকলে তাঁকে সংবর্ধনা প্রদানের যথাযথ ব্যবস্থা গ্রহণের বিষয়ে উদ্যোগ নিতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠার পর

| ক্রম. | **আলোচ্য বিষয়** | | **সিদ্ধান্ত** | **বাস্তবায়নে** |
|---|---|---|---|---|
| ১১. | পরিসংখ্যান ভবনে আলোকসজ্জা | মহান বিজয় দিবস-২০২৩ উদযাপন উপলক্ষ্যে ১৫ ডিসেম্বর রাত এবং ১৬ ডিসেম্বর ২০২৩ তারিখ রাতে পরিসংখ্যান ভবনে আলোকসজ্জা করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | মহান বিজয় দিবস-২০২৩ উদযাপন উপলক্ষ্যে ১৫ ডিসেম্বর রাত এবং ১৬ ডিসেম্বর ২০২৩ তারিখ রাতে পরিসংখ্যান ভবনে আলোকসজ্জা করার বিষয়ে সভায় আলোচনা করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| ১২. | পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত সমন্বিত অনুষ্ঠানে অংশগ্রহণের আমন্ত্রণপত্র পাওয়া গেলে উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ | | মহান বিজয় দিবস-২০২৩ উদযাপন উপলক্ষ্যে পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত সমন্বিত অনুষ্ঠানে অংশগ্রহণের আমন্ত্রণপত্র পাওয়া গেলে পরিসংখ্যান ভবনে পুষ্পস্তবক অর্পণের পর পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তাগণ যৌথভাবে পরিকল্পনা মন্ত্রণালয়ের আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন। **যদি পরিকল্পনা মন্ত্রণালয় সমন্বিত অনুষ্ঠানের আয়োজন না করে তাহলে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো যৌথভাবে নির্ধারিত সময়ে মহান বিজয় দিবস-২০২৩ উদ্‌যাপনের উদ্যোগ গ্রহণ করবে।** | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) |

৪। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. শাহনাজ আরেফিন *এনডিসি*
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

নং-৫২.০০.০০০০.০০৬.২৩.২০৯.৯২ (অংশ-২)-৪৮০

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩০
১০ ডিসেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। অতিরিক্ত সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
০২। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
০৩। যুগ্মসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
০৪। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
০৫। উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
০৬। পরিচালক (সকল), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
০৭। সিস্টেম অ্যানালিস্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠার পর

০৮। সিনিয়র সহকারী সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
০৯। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১০। সহকারী সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১১। আয়ন-ব্যয়ন কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
১২। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। অফিস কপি।

১৩

মোঃ ফরিদ হোসেন
উপসচিব